



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস)



সভার কার্যবিবরণী

সভাপতি	মঈনউদ্দিন আহম্মেদ পরিচালক (ভূতত্ত্ব)
সভার তারিখ	২১.০৬.২০২১ খ্রি.
সভার সময়	বেলা ১২.০০ ঘটিকা
স্থান	৪র্থ তলার সম্মেলন কক্ষ, জিএসবি
উপস্থিতি	পরিশিষ্ট-ক

অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) বিষয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের বৈশ্লেষিক রসায়ন শাখা এবং প্রকৌশল ও নগর ভূতত্ত্ব শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে অধিদপ্তরের সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জিএসবি'র অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) এর অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) সভার সকলকে অবহিত করেন যে, জিএসবি'র ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে কর্মসম্পাদন সূচকের অনুচ্ছেদ ১.৪.১ এ অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) বিষয়ে সেবাগ্রহীতাদের সঙ্গে অবহিতকরণ সভা আয়োজনের বিষয় উল্লেখ রয়েছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) এর অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা আরও অবহিত করেন যে, জিএসবি'র যে কোন শাখার কর্মকর্তা সিটিজেন চার্টারে উল্লেখিত সেবায় অসন্তুষ্ট হয়ে অভিযোগ করতে পারেন।

প্রকৌশল ও নগর ভূতত্ত্ব শাখার জনাব নুরুন নাহার ফারুকা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) জানান প্রকৌশল ও নগর ভূতত্ত্ব শাখার অধীনে সিটিজেন চার্টারে উল্লেখিত সেবাগুলো জিএসবি'র সকল শাখা এবং সাধারণ নাগরিকদের দেয়া সম্ভব।

বৈশ্লেষিক রসায়ন শাখার জনাব মোঃ রিয়াজুল ইসলাম, উপ-পরিচালক (রসায়ন) জানান ইতিপূর্বে শাখার গুরুত্বপূর্ণ কিছু রাসায়নিক যন্ত্র অকেজো থাকায় সমঝমত সকল নমুনা বিশ্লেষণের ফলাফল দেয়া সম্ভব হয়নি। কিন্তু বর্তমানে সকল যন্ত্রের মেরামত করা হয়েছে এবং দ্রুত সময়ে সকল নমুনার বিশ্লেষণের ফলাফল দেয়া সম্ভবপর হবে। তিনি জিএসবি'র সকল শাখাপ্রধান গণকে অনুরোধ করেন নমুনার রাসায়নিক বিশ্লেষণের কাজ ত্বরান্বিত করার জন্য তারা যেন নমুনাগুলো বহিরংগনেই এয়ার ড্রাই করেন। কারণ প্রতিটি নমুনা এয়ার ড্রাই করতে প্রায় ১ মাস সময় লাগে এবং ওভেনে একসাথে ২০টির বেশী নমুনা ড্রাই করা যায়না।

জনাব মোহাম্মদ আব্দুল আজিজ পাটোয়ারী, পরিচালক (পেরিকল্পনা ও বাস্তবায়ন) ও জনাব কামরুল আহসান, পরিচালক (শিলা বিদ্যা ও মণিক বিদ্যা) জিএসবি'র দ্রুততম সময়ে মানসম্পন্ন সেবা নিশ্চিত করার লক্ষ্যে বৈশ্লেষিক রসায়ন শাখার সকলকে অনুরোধ করেন তারা যেন প্রতি ৩ মাস অন্তর সিটিজেন চার্টারে তাদের সচল যন্ত্রের তালিকা ও সেবা হালনাগাদ করেন ও বিভিন্ন শাখার সাথে আরও আন্তরিক সহযোগীতা বৃদ্ধি করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মঈনউদ্দিন আহম্মেদ
পরিচালক (ভূতত্ত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.২০০.২৭.০০১.২১.৮

তারিখ: ৯ আষাঢ়, ১৪২৮

২৩ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) জিএসবি'র শাখা প্রধানগণ
- ২) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (ওয়েব সাইটে আপলোডের অনুরোধে)
- ৩) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৪) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-২, অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৫) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২, উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (ওয়েব সাইটে আপলোডের অনুরোধে)
- ৬) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



আব্দুল আহসান
উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১